গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
এমআইএস বিভাগ

**বিষয়ঃ "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১" সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মো: লাল হোসেন, সচিব, বিপিসি। |
| সভার তারিখ | ২৭ জুলাই, ২০২০ খ্রিঃ (সোমবার) |
| সভার সময় | বেলা ১২.০০ ঘটিকা। |
| স্থান | অনলাইন ভিডিও সিস্টেম (Zoom App |

**আলোচনা ও সিদ্ধান্ত :**

সভার প্রারম্ভে সভাপতি বিপিসি ও বিপিসি'র অধীন কোম্পানিসমূহের সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে সভাপতি আশাব্যক্ত করেন যে, দেশের চলমান করোনা পরিস্থিতির দ্রুত উন্নতি ঘটবে এবং পূর্বের ন্যায় সকলের সশরীরে উপস্থিতির মাধ্যমে সভা অনুষ্ঠিত হবে। অতঃপর বিপিসি'র ইনোভেশন কমিটির সদস্য সচিব সভাপতির অনুমতিক্রমে ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনসহ নিম্নবর্ণিত বিষয়গুলো নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত হয়ঃ

(১) বিপিসিঃ সভায় বিপিসি'র ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। একটি ফলপ্রসূ বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে সকলের সক্রিয় অংশগ্রহণের উপর সভায় গুরুত্বারোপ করা হয়।

**সিদ্ধান্তঃ** ইনোভেশন টিমের সদস্যগণ ও সংস্থার মহাব্যবস্থাপকগণ আলোচনার মাধ্যমে বিপিসি'র ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন।

(২) পিওসিএলঃ পিওসিএল এর প্রতিনিধি জানান যে, ২০২০-২১ অর্থ বছরের পিওসিএল ২টি উদ্ভাবন পরিকল্পনা হাতে নিয়েছে। উদ্ভাবন পরিকল্পনাগুলো হলো:
ক) চট্টগ্রামস্থ প্রধান স্থাপনা হতে কোম্পানির আওতাধীন একটি ফিলিং স্টেশনে জ্বালানী তেল বিক্রয়ের ক্ষেত্রে পরীক্ষামূলকভাবে Online Payment ব্যবস্থা চালুকরণ।
খ) জেট ফুয়েল পরিবহনের ক্ষেত্রে কোম্পানির নিজস্ব ট্যাংক-লরিসমূহে Vehicle Tracking System VTS চালুকরণ।

**সিদ্ধান্তঃ** পিওসিএল-এর "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১" বিপিসিকে প্রেরণ করবে এবং উদ্ভাবন পরিকল্পনার অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

(৩) এমপিএলঃ ২০২০-২১ অর্থ বছরে এমপিএল ৩ লিটার সাইজের ক্যানের মাধ্যমে বিপি সুপার ভি মার্কেটিং করবে বলে সভাকে অবহিত করেন। দেশে বর্তমানে ক্রমবর্ধমান যানজট এর কারনে বড় বড় শহর ও বিভাগীয় শহর গুলোতে দিনের বেলা বড় ট্রাক, কভার্ড ভ্যান প্রবেশ সীমিত করা হয়েছে। বড় বড় শহরগুলোতে জনসাধারণের পণ্য সামগ্রী পরিবহনের সুবিধার্থে পিকআপ ও মিনি ট্রাকের চলাচল ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। তাই ছোট সাইজের পরিবহনের ইঞ্জিন অয়েল ক্যাপাসিটির কথা বিবেচনা করে ৩ লিটার সাইজের ক্যানের মাধ্যমে বিপি সুপার ভি মার্কেটিং জনপ্রিয় হবে বলে আশাব্যক্ত করেন।

**সিদ্ধান্তঃ** এমপিএল-এর "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১" বিপিসিকে প্রেরণ করতে হবে এবং উদ্ভাবন পরিকল্পনার অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

(৪) জেওসিএলঃ জেওসিএল প্রতিনিধি ২টি উদ্ভাবন পরিকল্পনার কথা সভাকে জানান।

ক) সরাসরি গ্রাহকদের অনলাইন সেল্স ডেলিভারী অর্ডার ইস্যু।
কোম্পানিতে সরাসরি গ্রাহক ,ডিলার,ডিস্টিটিবিউটর ৩ ধরণের গ্রাহক রয়েছে যাদের সরাসরি অনলাইন সেল্স ডেলিভারি অর্ডার ইস্যূ করা হবে।
খ) গ্রাহক সেবা সহজিকরণের জন্য সম্মানিত গ্রাহকগণ জ্বালানি তেল ক্রয় করার পর চালান প্রস্তুত সম্পন্ন হলে গ্রাহকের মোবাইলে এসএমএস/নোটিফিকেশন প্রেরণ ।
জেওসিএল প্রতিনিধি এ সম্পর্কে আরও জানান যে, অনলাইনে একটি ফরম জেওসিএল-এর ওয়েব সাইটে থাকবে। ফরমটি তৈরি করে ওয়েব সাইটে লিংক করে পরীক্ষামূলক চালু করতে আনুমানিক ৬ মাস সময় প্রয়োজন হতে পারে। ফরমটি তৈরি করার পর ৩ মাস শোকেসিং করা হবে। ওয়েব সাইট ডেভেলাপারে এ বিষয়ে আলোচনা চলছে।

**সিদ্ধান্তঃ** জেওসিএল-এর "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১" বিপিসিকে প্রেরণ করতে হবে এবং উদ্ভাবন পরিকল্পনার অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

(৫) ইআরএল : কমিটির ইনোভেশন কর্মকর্তা পরিবর্তন হওয়ার ফলে ইআরএল উদ্ভাবন কর্মপরিকল্পনার তালিকা প্রনয়ণ করতে পারেনি বলে সভাকে অবহিত করেন।

**সিদ্ধান্তঃ** ইআরএল-এর বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২০-২১ এর তালিকা দ্রুত বিপিসিতে প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(৬) এলপিজিএলঃ এলপিজিএল ভোক্তাসাধারণের নিকট ফাইবারের তৈরি স্বচ্ছ সিলিন্ডার বিতরণের উদ্যোগ গ্রহণ করেছেন। ফাইবারের তৈরি স্বচ্ছ এলপিজি সিলিন্ডারের ওজন বাজারে প্রচলিত মেটালিক সিলিন্ডারের চেয়ে অনেক কম বিধায় তা পরিবহন করা অনেক সহজ। স্বচ্ছ সিলিন্ডার হওয়ায় ভর্তিকৃত এলপিজি'র পরিমাণ বুঝা যায়। ফলে ভোক্তাসাধারণ প্রতারিত হওয়ার সম্ভবনা থাকবে না। মেটালিক সিলিন্ডারের মত ফাইবারের তৈরি স্বচ্ছ এলপিজি সিলিন্ডার বিস্ফোরিত হয়না বিধায় স্বচ্ছ সিলিন্ডার ব্যবহার করা অনেক বেশি নিরাপদ। বর্তমানে বাজারে প্রাপ্ত স্বচ্ছ সিলিন্ডারসমূহে ব্যবহৃত এলপিজি'র পরিমাণ অনেক সময় স্পস্টভাবে বুঝা যায়না কিন্তু বিপিসি কর্তৃক নতুন আমদানিতব্য ফাইবারের তৈরি সিলিন্ডারসমূহ বাজারে প্রচলিত ফাইবারের তৈরি সিলিন্ডারের চেয়ে অধিক স্বচ্ছ থাকবে বিধায় কত পরিমাণ এলপিজি ব্যবহার হয়েছে তা স্পস্টভাবে বুঝা যাবে ।

**সিদ্ধান্তঃ** এলপিজিএল এর "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১" বিপিসি'তে প্রেরণ করতে হবে এবং উদ্ভাবন পরিকল্পনার অগ্রগতি পরবর্তী সভায় আলোচনা করা হবে।

(৭) এসএওসিএলঃ লুব অয়েল পণ্য বিক্রয় এ্যাপস এর মাধ্যমে গ্রহন করবেন বলে এসএওসিএল প্রতিনিধি জানান। এর ফলে বিক্রয় এ্যাপস থেকে বিক্রয় কর্মকর্তাগণ বাংলাদেশের যেকোন যায়গায় থেকে বিক্রয় এর র্অডার প্লেস করতে পারবেন। এতে সময় ও ব্যয় সংকোচন হবে। বিক্রয় কর্মকর্তাগণ অর্ডারের আপডেট সর্বোচ্চ দুই দিনের মধ্যে এ্যাপসের মাধ্যমে জানতে পারবেন। বিক্রয় কর্মকর্তাগণ ডেলিভারী সংক্রান্ত বিষয়ে এ্যাপসের মাধ্যমে জানতে পারবে। বিক্রয় কর্মকর্তাগণ দৈনিক/ সাপ্তাহকি/ মাসিক প্রতিবেদন এ্যাপসের মাধ্যমে দেখতে পারবে।

**সিদ্ধান্তঃ** এলপিজিএল এর "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১" বিপিসি'তে প্রেরণ করতে হবে এবং উদ্ভাবন পরিকল্পনার অগ্রগতি পরবর্তী সভায় আলোচনা করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

(৮) ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনে নিয়মিত সভা, প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম নিয়মিত চলমান রাখার উপর গুরুত্বারোপ করা হয়।

**সিদ্ধান্তঃ** ২০২০-২১ সালের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার তালিকা হালনাগাদকরতঃ স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। সভার সভাপতি ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অসাধারণ মান অর্জনের লক্ষ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পাদনের নির্দেশ প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

20/08/2020

(মোঃ লাল হোসেন)
সচিব
ফোনঃ ০৩১-৭১৬৪১৩